বি.এড প্রথম সিমেস্টার পরীক্ষা, ২০২০

বাংলা শিক্ষণ (নৈর্বাচনিক)

বিষয় কোড : 812221

পরীক্ষা কোড : 8771

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং ও ৮নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর পরপর লিখা বাঞ্ছনীয়।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখুন : ২×১০=২০

(ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকে?

(খ) শিক্ষাক্রম বলতে কী বোঝায়?

(গ) সংবৃত ও বিবৃত উচ্চারণের পার্থক্য কী?

(ঘ) কবিতাকে রূপময় অভিব্যক্তি বলা হয় কেন?

(ঙ) সহায়ক সামগ্রী ও শিক্ষোপকরণের দুটি পার্থক্য লিখুন।

(চ) ভালো লেখার চারটি বৈশিষ্ট্য লিখুন।

(ছ) শিখনফল লেখার দুটি নিয়ম লিখুন।

(জ) ভাষা শিক্ষায় মূল্যায়ন প্রয়োজন কেন?

(ঝ) বিষয়ী অনুধ্যান কী?

(ঞ) সাধুভাষা রীতির চারটি বৈশিষ্ট্য লিখুন।

২। (ক) আধুনিক ভাষা হিসেবে বাংলা ভাষার বৈশিষ্ট্যসমূহ আলোচনা করুন। ৪

(খ) নিম্নমাধ্যমিক স্তরে বাংলা শিক্ষাদানের উদ্দেশ্যসমূহ লিখুন। ৪

৩। (ক) "বক্তৃতা ও প্রশ্নোত্তর পদ্ধতির চারটি বৈশিষ্ট্য উল্লেখ করে এ দুটি পদ্ধতির পার্থক্য লিখুন। ৪

(খ) Brain Storming কৌশল ব্যবহারের গুরুত্ব লিখুন। ৪

৪। (ক) শিক্ষোপকরণ কী? শিক্ষাদানে শিক্ষোপকরণের গুরুত্ব ও উপযোগিতা ব্যাখ্যা করুন। ৪

(খ) মাতৃভাষা শিক্ষার সহায়ক কয়েকটি প্রদীপনের নাম উল্লেখ করুন। এগুলোর মধ্যে কোনটি কোন ধরনের পাঠে বেশি উপযোগী বলে মনে করেন? দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দিন। ৪

৫। (ক) ভাষার ব্যবহারিক নৈপুণ্য অর্জনে শোনার গুরুত্ব ব্যাখ্যা করুন। শোনা দক্ষতা উন্নয়নে ভাষা শিক্ষকের ভূমিকা নিরূপণ করুন। ৪

(খ) ব্যাখ্যাসহ পঠনের প্রকারভেদ করুন। শুদ্ধপঠন শিক্ষাদানে শিক্ষক কী কী ব্যবস্থা নিবেন—লিখুন। ৪

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

Scanned with CamScanner

নম্বর

৬। (ক) শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার উপাদানগুলো লিখুন। বাংলা ভাষা ও সাহিত্যের শ্রেণিকক্ষের পরিবেশ সুন্দর রাখার প্রয়োজন কেন? ৪

(খ) কী কী কৌশল অবলম্বন করলে অধিক সংখ্যক শিক্ষার্থী সংবলিত শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা সম্ভব—বর্ণনা করুন। ৪

৭। (ক) "বাংলা উচ্চারণে ও বানানের পার্থক্যই শিক্ষার্থীর বানান ভুলের প্রধান কারণ"—কথাটির তাৎপর্য নিরূপণ করুন। ৩

(খ) NCTB প্রবর্তিত দশটি বানানরীতি লিখুন। ৫

৮। শ্রেণি উল্লেখপূর্বক নিচের বিষয়বস্তু অবলম্বনে ৫০ মিনিটের উপযোগী একটি পাঠ-পরিকল্পনা প্রণয়ন করুন : ৮

(ক) বাংলা ব্যাকরণ : ব্যাকরণের আলোচ্য বিষয়

(খ) রচনা : ষড়ঋতু

(গ) কবিতা :

ঝিঙে ফুল

কাজী নজরুল ইসলাম

ঝিঙে ফুল। ঝিঙে ফুল
সবুজ পাতার দেশে ফিরোজিয়া ফিঙে-কুল—
ঝিঙে ফুল।
গুল্মে পর্ণে
লতিকার কর্ণে
ঢলঢল স্বর্ণে
ঝলমল দোলো দুল—
ঝিঙে ফুল।।
পাতার দেশের পাখি বাঁধা হিয়া বোঁটাতে
গান তব শুনি সাঁঝে তব ফুটে ওঠাতে।
পউষের বেলাশেষ
পরি জাফরানি বেশ
মরা মাচানের দেশ
করে তোলে মশগুল—
ঝিঙে ফুল।।

Scanned with CamScanner

# বি.এড প্রথম সেমিস্টার পরীক্ষা, ২০১৯

## বাংলা শিক্ষণ

**বিষয় কোড : 812221**

**পরীক্ষা কোড : 8771**

সময়–৩ ঘন্টা

পূর্ণমান–৬০

[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং ও ৮নং প্রশ্নসহ ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর পর পর লিখা বাঞ্ছনীয়।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখুন : ২×১০=২০

(ক) মানভাষার দুটি বৈশিষ্ট্য লিখুন।

(খ) গীতিকবিতা কাকে বলে?

(গ) সরব পাঠের সবল দিকগুলো লিখুন।

(ঘ) অবরোহী পদ্ধতি বলতে কী বোঝায়?

(ঙ) সুলিখনের বৈশিষ্ট্য লিখুন।

(চ) বিদেশি শব্দের ক্ষেত্রে বাংলা বানানের দুটি নিয়ম লিখুন।

(ছ) শিক্ষা উপকরণের দুটি গুরুত্ব লিখুন।

(জ) শিখনফল লিখনের দুটি বৈশিষ্ট্য লিখুন।

(ঝ) বলা দক্ষতা মূল্যায়নের চারটি দিক উল্লেখ করুন।

(ঞ) সু-পাঠাভ্যাস গঠনে বিদ্যালয়ের দুটি ভূমিকা লিখুন।

২। (ক) ভাষা ও মাতৃভাষার মধ্যে পার্থক্য কী? মানুষের অস্তিত্বের সাথে মাতৃভাষা কিভাবে সম্পর্কিত—ব্যাখ্যা করুন। ৪

(খ) মাধ্যমিক স্তরের একজন বাংলা শিক্ষকের কী ধরনের গুণাবলি থাকা প্রয়োজন বলে আপনি মনে করেন? বিস্তারিত লিখুন। ৪

৩। (ক) নিম্ন মাধ্যমিক স্তরের বাংলা পাঠ্যপুস্তক প্রণয়নের উদ্দেশ্যগুলো লিখুন। ৪

(খ) 'পাঠ্যপুস্তকের গভীর জ্ঞানই হতে পারে উত্তম শ্রেণি কার্যক্রমের অন্যতম কৌশল'— শিক্ষক হিসেবে আপনার মতামত প্রদান করুন। ৪

৪। (ক) সপ্তম শ্রেণির বাংলা কবিতা পাঠদান পদ্ধতি ও কৌশলগুলো বর্ণনা করুন। ৪

(খ) বাংলা ব্যাকরণ পাঠদান পদ্ধতিগুলোর মধ্যে কোনটি উত্তম পদ্ধতি বলে আপনি মনে করেন? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন করুন। ৪

৫। (ক) উচ্চারণ স্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করুন। ৪

(খ) অর্থগত দিক থেকে বাংলা শব্দ কত প্রকার ও কী কী? উদাহরণসহ বর্ণনা করুন। ৪

৬। (ক) ভাষার ব্যবহারিক নৈপুণ্য অর্জনে শোনার গুরুত্ব ব্যাখ্যা করুন। ৪

(খ) 'মানবজীবনে লেখার আবেদন চিরকালীন'—মন্তব্যটির যথার্থতা লিখুন। ৪

৭। (ক) শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা কী? উত্তম শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার কৌশলসমূহ লিখুন। ৪

(খ) সুপাঠাভ্যাসের প্রতি অনুরাগ সৃষ্টিতে শিক্ষক হিসেবে আপনি কিভাবে সহায়তা করবেন? ৪

Scanned with CamScanner

৮। শ্রেণি উল্লেখ করে যে কোনো একটি বিষয় অবলম্বনে ৫০ মিনিট উপযোগী একটি পাঠ-পরিকল্পনা তৈরি করুন :

(ক) বাংলা ব্যাকরণ : কর্তৃকারক

(খ) রচনা : শরতের সকাল

(গ) কবিতা : মানুষ

কাজী নজরুল ইসলাম

গাহি সাম্যের গান—
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি,
সব দেশে সব কালে ঘরে-ঘরে তিনি মানুষের জাতি।
'পূজারী, দুয়ার খোলো,
ক্ষুধার ঠাকুর দাঁড়ায়ে দুয়ারে পূজার সময় হলো!'
স্বপন দেখিয়া আকুল পূজারী খুলিল ভজনালয়,
দেবতার বরে আজ রাজা-টাজা হয়ে যাবে নিশ্চয়!
জীর্ণ-বস্ত্র শীর্ণ-গাত্র, ক্ষুধায় কণ্ঠ ক্ষীণ—
ডাকিল পান্থ, দ্বার খোলো বাবা; খাইনি তো সাতদিন!
সহসা বন্ধ হলো মন্দির, ভুখারি ফিরিয়া চলে,
তিমিররাত্রি, পথ জুড়ে তার ক্ষুধার মানিক জ্বলে।

Scanned with CamScanner

বি.এড প্রথম সেমিস্টার পরীক্ষা, ২০১৮
বাংলা শিক্ষণ
বিষয় কোড : 812221
পরীক্ষা কোড : 8771

সময়–৩ ঘন্টা পূর্ণমান–৬০

[দ্রষ্টব্য:– ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং ও ৮নং প্রশ্নসহ ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর পরপর লিখা বাঞ্ছনীয়।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখুন :– ২×১০=২০

(ক) শিখনফল কী?
(খ) শিক্ষাক্রম ও পাঠ্যসূচির পার্থক্য লিখুন।
(গ) শুদ্ধ উচ্চারণের দুটি প্রয়োজনীয়তা উল্লেখ করুন।
(ঘ) আরোহী পদ্ধতি বলতে কী বোঝায়?
(ঙ) বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষকের চারটি পেশাগত গুণের উল্লেখ করুন।
(চ) অংশগ্রহণমূলক পদ্ধতি কী?
(ছ) বাংলা বানানের দুটি নিয়ম উদাহরণসহ লিখুন।
(জ) শ্রেণিকক্ষের অভিজ্ঞতা থেকে শিক্ষকের আত্ম-উন্নয়নের চারটি কৌশল উল্লেখ করুন।
(ঝ) ছোটগল্প ও উপন্যাসের মধ্যে দুটি পার্থক্য লিখুন।
(ঞ) লিখন দক্ষতা মূল্যায়নের চারটি দিক উল্লেখ করুন।

২। (ক) পাঠ্যপুস্তক পর্যালোচনার বিবেচ্য দিকগুলো লিখুন। ২
(খ) ৬ষ্ঠ শ্রেণির বাংলা পাঠ্যপুস্তক (গদ্য ও পদ্য) এর একটি পর্যালোচনা লিখুন। ৬

৩। (ক) বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি লিখুন। ৩
(খ) 'অন্তর্নিহিত শৃঙ্খলা বাংলা ভাষাকে আধুনিক ও বিজ্ঞানসম্মত ভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে।'– আলোচনা করুন। ৫

৪। (ক) শিক্ষার্থীদের বানানা ভুলের কারণগুলো লিখুন। বানান ভুলের প্রবণতারোধে গৃহীতব্য পদক্ষেপগুলি ব্যাখ্যা করুন। ৫
(খ) 'শুদ্ধ বানান শুদ্ধ উচ্চারণের সাথে সম্পর্কিত'– ব্যাখ্যা করুন। ৩

৫। (ক) পাঠ পরিকল্পনা প্রণয়নের বিবেচ্য দিক কী কী? ৩
(খ) শিখনফল অর্জনে শিক্ষকের করণীয় কী কী– আলোচনা করুন। ৫

Scanned with CamScanner

বি.এড প্রথম সেমিস্টার চূড়ান্ত পরীক্ষা, ২০১৭
বাংলা শিক্ষণ
বিষয় কোড : ৪12221
পরীক্ষা কোড : 877।

সময়–৩ ঘন্টা পূর্ণমান–৬০

[দ্রষ্টব্য :– ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং ও ৮নং প্রশ্নসহ ছয়টি প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের বিভিন্ন অংশের ধারাবাহিকতা বাঞ্ছনীয়।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর লিখুন :– ২×১০=২০
(ক) আধুনিক ভাষা হিসেবে বাংলা ভাষার দু'টি বৈশিষ্ট্য লিখুন।
(খ) মানভাষার দু'টি বৈশিষ্ট্য লিখুন।
(গ) আদর্শ হাতের লেখার চারটি বৈশিষ্ট্য লিখুন।
(ঘ) সাধু ও চলিত ভাষারীতির চারটি পার্থক্য চিহ্নিত করুন।
(ঙ) ভাষার ব্যবহারিক নৈপুণ্য কী?
(চ) সংবৃত ও বিবৃত উচ্চারণের পার্থক্য লিখুন।
(ছ) ছোটগল্পের দু'টি বৈশিষ্ট্য লিখুন।
(জ) আরোহী ও অবরোহী পদ্ধতির পার্থক্য কী?
(ঝ) ফলাবর্তনের দু'টি সুফল চিহ্নিত করুন।
(ঞ) বক্তৃতা পদ্ধতির চারটি সুবিধা উল্লেখ করুন।

২। (ক) আধুনিক ভাষা হিসেবে বাংলা ভাষার অবস্থান ব্যাখ্যা করুন। ৪
(খ) শিক্ষার মাধ্যম হিসেবে বাংলা ভাষার গুরুত্ব বর্ণনা করুন। ৪

৩। (ক) 'বক্তৃতা' ও 'প্রশ্নোত্তর' পদ্ধতির চারটি করে বৈশিষ্ট্য উল্লেখ করে এ দু'টি পদ্ধতির পার্থক্য লিখুন। ৫
(খ) Mind mapping কৌশল ব্যবহারের গুরুত্ব বর্ণনা করুন। ৩

৪। (ক) মাধ্যমিক স্তরে প্রবন্ধ পাঠদানের উদ্দেশ্য ও গুরুত্ব লিখুন। ৪
(খ) শ্রেণিকক্ষে কবিতা পাঠদানের পদ্ধতি বর্ণনা করুন। ৪

৫। (ক) শিক্ষার্থীদের বলার দক্ষতা অনুশীলনে আপনার গৃহীত পদক্ষেপগুলো আলোচনা করুন। ৫
(খ) নীরব পঠনের সুবিধাসমূহ লিখুন। ৩

৬। (ক) শিক্ষা উপকরণের শ্রেণিবিভাগ আলোচনা করুন। ৪
(খ) শ্রেণিকক্ষে বাংলা ভাষা ও সাহিত্য পাঠদানে ICT নির্ভর উপকরণের গুরুত্ব ব্যাখ্যা করুন। ৪

৭। (ক) বাংলা প্রমিত উচ্চারণ সংক্রান্ত সমস্যাগুলো চিহ্নিত করুন। শিক্ষক হিসেবে আপনি শিক্ষার্থীদের অনুশীলনে কীভাবে সহযোগিতা করবেন? ৫
(খ) উদাহরণসহ বাংলা বানানে ই-কার এবং ঈ-কার ব্যবহারের নিয়মগুলো লিখুন। ৩

৮। শ্রেণি উল্লেখপূর্বক নিচের বিষয়বস্তু অবলম্বনে ৫০ মিনিটের উপযোগী একটি পাঠ-পরিকল্পনা তৈরি করুন :–
(ক) বাংলা ব্যাকরণ : কারকের শ্রেণিবিভাগ
(খ) রচনা : বর্ষাকাল
(গ) ভাব-সম্প্রসারণ : 'রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি'।

Scanned with CamScanner

(খ) কবিতা : জন্মভূমি

–রবীন্দ্রনাথ ঠাকুর

সার্থক জনম আমার জন্মেছি এই দেশে।
সার্থক জনম, মা গো, তোমায় ভালোবেসে॥
জানি নে তোর ধন রতন আছে কিনা রানির মতন,
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে॥
কোন বনেতে জানি নে ফুল গন্ধে এমন করে আকুল,
কোন গগনে ওঠে রে চাঁদ এমন হাসি হেসে॥
আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখ জুড়ালো,
ওই আলোতে নয়ন রেখে মুদব নয়ন শেষে॥

Scanned with CamScanner